

BBC Learning English

Sounds of English

Schwa



Senjuti: Hello! Sounds of English আসরে আপনাদের স্বাগত জানাচ্ছি আমি সঁজুতি মাসুদ। আমার সাথে রয়েছেন জ্যাকি ডালটন ।

Jackie: Hello!

Senjuti: এবং অবশ্যই আমাদের Sounds of English practice group.

Group: Hello!

Senjuti: আজকে আমরা ইংরেজি ভাষার অন্যতম একটি গুরুত্বপূর্ণ ধ্বনি শিখতে যাচ্ছি। আমরা এটিকে বলি schwa. এটি এরকম শোনায়।

Jackie: /ə/

Senjuti: সবাই মিলে এখন আমরা এই ধ্বনিটি করবো। সবাই জ্যাকির সাথে সাথে বলুন।

Jackie with group repeating

/ə/ (x2)

Senjuti: Schwa ইংরেজি ভাষার একটি অনন্য ধ্বনি যেটি কখনোই stress করে উচ্চারিত হয় না। এটি কেবলমাত্র unstressed syllable বা শব্দের ক্ষেত্রেই ঘটে। এবার এই শব্দটি শুনুন। এবং কোথায় unstress করা হয়েছে সেটি ধরতে পারেন কি না দেখুন।

Jackie: about, about

Senjuti: ধরতে পেরেছেন? ধ্বনিটি এসেছে শব্দটির শুরুতে- একেবারেই প্রথম syllable এ।

Jackie: /ə/
a-bout
about

Senjuti: এটা বললে বা উচ্চারণ করলে ভুল হবে যে

Jackie: about

Senjuti: প্রথম syllable এ কোন stress পড়েনি। কাজেই বলতে হবে

Jackie: about

Senjuti: আর এক্ষেত্রে কি হচ্ছে? কোথায় schwa ধ্বনিটি এসেছে বলুন তো?

Jackie: under, under

Senjuti: এক্ষেত্রে ধ্বনিটি এসেছে শব্দের একদম শেষে।

Jackie: /ə/
und-er
under

Senjuti: ধ্বনিটি ভালোমত করতে পারলে, আপনার ইংরেজি উচ্চারণ আরো সঠিক এবং স্বাভাবিক হয়ে উঠবে। এবার শুনুন আর সাথে সাথে বলুন।

Jackie with group repeating

about

a-bout

about

under

und-er

under

Senjuti: এই ধ্বনিটির একটি মজার দিক হল যেকোন vowel sound এর syllable কে stress করা হচ্ছে, কি হচ্ছেনা সে অনুযায়ী schwa এর মত করে উচ্চারণ করা হয়। এই শব্দটি শুনুন।

Jackie: man

Senjuti: এ শব্দে vowelটি পুরোপুরি উচ্চারিত হয়েছে।

Jackie: æ, man

Senjuti: কিন্তু এই শব্দটি যখন একটি **phrase** বা লম্বা শব্দের অংশ হয়ে যায়, তখন আমরা /ə/ এই ধ্বনিটি শুনি কারণ **man**এ **syllable** টিতে তখন আর **stress** পড়ে না।

Jackie: **postman**
man, æ
post-man, ə

Senjuti: চলুন আরেকটি উদাহরণ শোনা যাক।

Jackie: **pen**

Senjuti: এখানেও **vowel**টি পুরোপুরি উচ্চারিত হয়েছে। কিন্তু যখন আমরা এ শব্দটির সামনে একটি **stressed** ধ্বনি আনি, তখন

Jackie: **pen**

Senjuti: হয়ে যায়

Jackie: **pən, open**
pen, e, open, ə

Senjuti: আপনারা চেষ্টা করুন।

Jackie with group repeating (x2)

pen
open

Senjuti: আজকের মত এখানেই বিদায়।

All: **Goodbye!**